

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০
আগরতলা, ৪ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

**২-ত্রিপুরা পূর্ব (এসটি) লোকসভা আসনে নির্বাচনে
প্রতিদ্বন্দ্বিতা করতে ৯ জন প্রার্থীর মনোনয়নপত্র দাখিল**

২-ত্রিপুরা পূর্ব (এসটি) লোকসভা আসনে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে মোট ৯ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। ২-ত্রিপুরা পূর্ব (এসটি) লোকসভা আসনের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য মনোনয়নপত্র দাখিলের আজ ছিল শেষ দিন। আজ নির্দল প্রার্থী সন্তোজয় ত্রিপুরা এই লোকসভা কেন্দ্রের রিটার্নিং অফিসারের কাছে মনোনয়নপত্র জমা দিয়েছেন।

২-ত্রিপুরা পূর্ব (এসটি) লোকসভা আসনে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে যে ৯ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন তারা হলেন, ভারতীয় জনতা পার্টির কৃতি দেবী দেববর্মাণ, নির্দলপ্রার্থী কৃষ্ণ মোহন জমাতিয়া, নির্দলপ্রার্থী দর্শন কুমার রিয়াং, নির্দল প্রার্থী কল্প মোহন ত্রিপুরা, ভারতের কমিউনিস্ট পার্টি (মার্কসবাদী)-র রাজেন্দ্র রিয়াং, নির্দল প্রার্থী শত্রুঘ্ন জমাতিয়া, নির্দল প্রার্থী অর্চনা উরাং, আইএনপিটি দলের প্রার্থী শিবচন্দ্র দেববর্মা এবং নির্দল প্রার্থী সন্তোজয় ত্রিপুরা। আগামীকাল মনোনয়নপত্রগুলি স্কুটিনি করা হবে। রাজ্য নির্বাচন দপ্তর থেকে আজ এই তথ্য জানানো হয়েছে।
